

প্রচ্ছদ >

শেরপুরে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধে বাজার মনিটরিং অব্যাহত ॥ ১ জনের জরিমানা



প্রকাশক Abu Zaher

প্রকাশের সময়ঃ ২:৩৯ অপরাহ্ন, ২৪ অক্টোবর, ২০২০


সর্বশেষ সংস্করণঃ ৩:৪০ অপরাহ্ন, ২৪ অক্টোবর, ২০২০




॥ আবু জাহের ॥

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি রোধে বগুড়ার শেরপুরে বাজার মনিটরিং অব্যাহত রয়েছে। সরকার নির্ধারিত আলুর বিক্রয়মূল্য নিশ্চিতকরণের লক্ষ্যে ২৪ অক্টোবর শনিবার উপজেলার শেরুয়া বটতলা খুচরা বাজার পর্যবেক্ষণ করেন উপজেলা নির্বাহী অফিসার মো লিয়াকত আলী সেখ। এ সময় আলুর পাশাপাশি পাইকারি ও খুচরা বাজারে চাল, পেয়াজ, কাচা মরিচ, আদা, ভোজ্য তেলসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দাম স্থিতিশীল রাখতে ও ইলিশ মাছের ক্রয়-বিক্রয় রোধে মাছের বাজার পরিদর্শন করা হয়। নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার স্থিতিশীল রাখতে ব্যবসায়ীদের দোকানে মূল্যতালিকা টানানো নিশ্চিত করা হয় করেন। দোকানে মূল্যতালিকা প্রদর্শন না করায় এক দোকানদারকে ১০০০/-টাকা জরিমানা করা হয়। শেরপুর থানা পুলিশ এই অভিযানে সহায়তা করেন।

অভিযানকালে উপজেলা নির্বাহী অফিসার লিয়াকত আলী সেখ বলেন, সরকারের নির্দেশ অমান্য করলে বা অবৈধভাবে মজুদ করলে বা কারসাজি করে কৃত্রিম সংকট তৈরী করলে ও গুজব রটিয়ে দাম বৃদ্ধি করলে সরকার আইনগত কঠোর ব্যবস্থা গ্রহণ করতে বাধ্য হবেন। জনস্বার্থে প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে।

 ফেসবুক দিয়ে মন্তব্য করুন

 মন্তব্য

© ২০২০ - বিজয় বাংলা কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত

ডিজাইনঃ হারেজ আল বাকী

স্বল্পমূল্যে এরকম ওয়েবসাইট তৈরি করতে ফোন করুন +৮৮০১৭৯৭৩৯৫৭৩৯